



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd)

E-mail : [dinajpureducationboard@gmail.com](mailto:dinajpureducationboard@gmail.com)



সংশোধিত

## মাধ্যমিক পর্যায়ে অ্যাসাইনমেন্টের নম্বর এন্ট্রি সংক্রান্ত নির্দেশিকা

### প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট শিক্ষকের করণীয় :

- ০১। প্রতিটি প্রতিষ্ঠানকেই শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ([www.dinajpurboard.gov.bd](http://www.dinajpurboard.gov.bd)) SSC Assignment Marks Entry বাটনে ক্লিক করে প্রতিষ্ঠানের EIIN ও SSC eFF Password দিয়ে Login করে Subject Select এবং Assignment No. Select করে Find Button-এ ক্লিক করলে পরীক্ষার্থীর নাম, রেজি: নং ও রোলসহ Mark Entry Sheet পাওয়া যাবে। যা প্রিন্ট করা যাবে এবং প্রয়োজনে Download CSV Button-এ ক্লিক করে পরীক্ষার্থীদের তথ্য সম্বলিত Excel File Download করে তার মধ্যে নম্বর এন্ট্রি করা যাবে ও Upload CSV File Button-এ ক্লিক করে নম্বরসহ Excel File টি প্যানেলে আপলোড করে নম্বর প্রদান করা যাবে।
- ০২। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে Assignment এর বিষয়ভিত্তিক ফাঁকা নম্বরফর্দ প্রিন্ট করে দায়িত্বপ্রাপ্ত নির্ধারিত শিক্ষককে তাঁর অংশ সরবরাহ করতে হবে।
- ০৩। ফাঁকা নম্বরফর্দে শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর থাকবে। দায়িত্বপ্রাপ্ত শিক্ষককে ইতোমধ্যে শিক্ষার্থী যে Assignment জমা দিয়েছে সেই Assignment-এর (শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর নিশ্চিত হয়ে) Top Sheet এর SSC Roll. No. লেখার জন্য নির্ধারিত ফাঁকা ঘরে মোটা কালির কলম দিয়ে (লাল কালির Sign Pen ব্যবহার করলে ভালো হবে) SSC Roll No. লিখতে হবে।
- ০৪। বিষয়ভিত্তিক প্রতিটি Assignment এর জন্য দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট শিক্ষককে বরাদ্দকৃত Assignment-এ উপরোক্ত নিয়মে Roll No. তুলতে হবে। একইভাবে ১ থেকে ৮টি Assignment এর Top Sheet এ Roll No. তুলতে হবে।
- ০৫। প্রতিটি Assignment-এ উপরোক্ত কাজগুলো করতে হবে। একটি Assignment-এর মূল্যায়ন ও Roll No. বসানো শেষ হলে Assignment গুলো Roll No. অনুযায়ী ক্রমানুসারে সাজিয়ে রাখতে হবে।
- ০৬। দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট শিক্ষক Assignment-এর বিষয়ভিত্তিক ফাঁকা নম্বর ফর্দে Roll No., Registration No. নাম ইত্যাদি সর্বোচ্চ সতর্কতার সাথে মিলিয়ে লাল কালির বল পয়েন্ট কলম ব্যবহার করে সংশ্লিষ্ট শিক্ষার্থীর Assignment-এর (০১ থেকে ০৮ পর্যন্ত প্রতিটি Assignment) নম্বর আলাদা আলাদাভাবে তুলতে হবে।
- ০৭। নম্বরফর্দের প্রতিটি Assignment-এর নম্বর তোলা শেষ হওয়ার পর প্রতি পৃষ্ঠার নির্ধারিত স্থানে সংশ্লিষ্ট শিক্ষককে স্বাক্ষর দিয়ে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিতে হবে। উল্লেখ্য, সংশোধনের প্রয়োজন হলে ঘসামাজা বা ফ্লয়িড ব্যবহার না করে, এক টান দিয়ে কেটে সংশোধন করে স্বাক্ষর দিতে হবে।
- ০৮। প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট শিক্ষক কর্তৃক সরবরাহকৃত নম্বর ফর্দের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করবেন এবং তাঁর প্রতিনিধির মাধ্যমে দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে ([www.dinajpurboard.gov.bd](http://www.dinajpurboard.gov.bd)) SSC Assignment Marks Entry প্যানেলে এন্ট্রি করাবেন। এক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষকও উপস্থিত থেকে এন্ট্রি কাজে প্রয়োজনীয় সহযোগিতা করতে পারবেন।
- ০৯। প্রতিটি Assignment এর এন্ট্রি'র কাজ শেষ হওয়ার পর পরবর্তীতে প্রয়োজন হলে যতবার খুশি Login করে Subject Select এবং Assignment No. Select করে Find Button-এ ক্লিক করলে Edit করা যাবে।

- ১০। সংশোধন শেষে Confirm Edit Button-এ Click করে একটি Assignment এর এন্ট্রি কার্যক্রম শেষ করতে হবে। উল্লেখ্য, Confirm Edit Button-এ Click করার পর আর কোন সংশোধনের সুযোগ থাকবে না। একটি Assignment এন্ট্রি শেষ হলে সংশ্লিষ্ট শিক্ষককে Raw নম্বর ফর্দ ফেরত দিতে হবে।
- ১১। চূড়ান্ত প্রিন্ট করার জন্য Login করার পর Get Report হতে Subject Select করে Generate Report Button-এ Click করে একটি Subject এর Full Marks সহ Report Print করা যাবে।
- ১২। শিক্ষা বোর্ড থেকে যেকোনো Assignment এর পুনঃনিরীক্ষণ বা পুনঃমূল্যায়নের জন্য চাইলে সংশ্লিষ্ট শিক্ষকের নিকট সংরক্ষিত Assignment এবং নম্বরফর্দের সংশ্লিষ্ট পৃষ্ঠার স্বাক্ষরিত কপি শিক্ষা বোর্ডে নির্ধারিত সময়ে জমা দিবেন। উল্লেখ্য সংরক্ষিত Assignment এবং নম্বর ফর্দ শিক্ষা বোর্ডে জমা দেয়ার সময় চাইত Assignment কোন অবস্থায় পুনঃমূল্যায়ন করা যাবে না।

### Assignment এর নম্বর শিক্ষা বোর্ডে প্রেরণের সময়সীমা

বিষয় কোড ও বিষয়ের নাম	Assignment এর ক্রমিক নম্বর	শিক্ষা বোর্ডের প্যানেলে নম্বর প্রেরণের তারিখ
১৩৬-পদার্থ ১৩৭-রসায়ন ১২৬-উচ্চতর গণিত ১৩৮-জীববিজ্ঞান	১, ২ ও ৩	২২/০৯/২০২১ - ২৯/০৯/২০২১
১৪৬-হিসাব বিজ্ঞান ১৫২-ফিন্যান্স ও ব্যাংকিং ১৪৩-ব্যবসায় উদ্যোগ	৪ ও ৫	০৭/১০/২০২১ - ১৩/১০/২০২১
১৫৩-বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা ১৪০- পৌরনীতি ও নাগরিকতা ১৪১-অর্থনীতি ১১০-ভূগোল ও পরিবেশ	৬, ৭ ও ৮	১৪/১০/২০২১ - ২১/১০/২০২১



প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর